

# আপনি কি সন্তানসম্ভবা এবং কলেজে পাঠরত একজন আন্তর্জাতিক শিক্ষার্থী?

## আপনার যা জানা প্রয়োজন!

এই তথ্য অনলাইনে এবং অন্যান্য ভাষায় এখানে পাবেন : [bit.ly/pregnancyfactsheet](http://bit.ly/pregnancyfactsheet)

আপনার কলেজের স্বাস্থ্যবীমা পরিকল্পনায় আপনার  
গর্ভাবস্থা ও প্রসব সংক্রান্ত স্বাস্থ্যসেবার খরচপত্র  
অন্তর্ভুক্ত না-ও থাকতে পারে, যদি :

- আপনি পড়াশোনা শুরু করার আগেই গর্ভধারণ করে থাকেন
- আপনার কলেজের স্বাস্থ্যবীমার আওতায় ছিল না এমন কোনও সময়ে গর্ভধারণ করে থাকেন

গর্ভাবস্থা সম্পর্কিত কভারেজ সম্পর্কে বিস্তারিত জানতে আপনার স্বাস্থ্যবীমা  
নীতিমালা দেখুন বা বীমা সরবরাহকারী সংস্থার সাথে কথা বলুন।

আপনার কলেজের স্বাস্থ্যবীমা পরিকল্পনায় আপনার গর্ভাবস্থা সম্পর্কিত  
কোনও ধরনের স্বাস্থ্যসেবার খরচ অন্তর্ভুক্ত না থাকলে, এখানে বিনামূল্যে  
প্রদত্ত কিছু সেবার তথ্য দেওয়া আছে, যা আপনার উপকারে আসতে পারে :

### গর্ভাবস্থার বিকল্পগুলো নিয়ে কাউন্সেলিং

গর্ভধারণের পরে হাতে থাকা  
বিকল্পগুলো নিয়ে আপনার  
স্পষ্ট ধারণা না থাকলে, অথবা  
গর্ভধারণ সম্পর্কিত বিকল্পগুলো  
নিয়ে কারো সাথে কথা বলতে  
চাইলে আপনি এদের সাথে  
যোগাযোগ করতে পারেন :

- অ্যাকশন কানাডা ফর  
সেক্সুয়াল হেলথ অ্যান্ড  
রাইটস :  
**1-888-642-2725**
- SHORE সেন্টার :  
[shore.inputhealth.com/ebooking](http://shore.inputhealth.com/ebooking)
- প্ল্যানড প্যারেন্টহুড টরন্টো :  
**416-961-0113**
- চয়েস ইন হেলথ ক্লিনিক :  
**647-370-3203**

### স্বাস্থ্যসেবা সম্পর্কিত কিছু রিসোর্স



**ধাত্রী** : অভিবাসন মর্যাদা যা-ই হোক না কেন,  
ওন্টারিওতে সকলকে বিনামূল্যে ধাত্রী সেবা প্রদান  
করা হয়। আপনি [ontariomidwives.ca/find-midwife](http://ontariomidwives.ca/find-midwife)  
সাইটে গিয়ে একজন ধাত্রী খুঁজে নিতে  
পারেন। যত তাড়াতাড়ি সম্ভব ধাত্রীদের সাথে  
যোগাযোগ করবেন কারণ তাদের চাহিদা  
সাধারণত খুব বেশি থাকে



**কমিউনিটি হেলথ সেন্টার** : ওন্টারিওতে যাদের  
কাছে স্বাস্থ্য বীমা নেই তাদেরকে এসকল স্বাস্থ্যকেন্দ্র  
থেকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয় :  
[allianceon.org/find-a-centre](http://allianceon.org/find-a-centre).



**হেলথ নেটওয়ার্ক ফর আনইন্সিওর্ড ক্লায়েন্টস** :  
স্বাস্থ্যসেবা প্রদানকারীদের এই দলটি যাদের  
স্বাস্থ্যবীমা নেই তাদের সহায়তা করে :  
[uninsurednetwork@gmail.com](mailto:uninsurednetwork@gmail.com)



**হেলথ কানেইট ওন্টারিও** : রেজিস্টার্ড নার্সদের  
কাছ থেকে বিনামূল্যে স্বাস্থ্য সম্পর্কিত পরামর্শ  
এবং তথ্য জানার জন্য হট লাইন : **811**

আমি সন্তানসম্ভবা এবং  
আমার স্বাস্থ্যবীমা নেই। আমি  
কোন কোন স্বাস্থ্যসেবা পেতে  
পারি?



[Settlement.Org](http://Settlement.Org)



### প্রসবের জন্য হাসপাতালে যাওয়া সম্পর্কে এক নজরে কিছু তথ্য

- হাসপাতালে সেবা নেওয়ার জন্য  
আপনাকে কোনও পরিচয়পত্র  
দেখাতে হবে না। আপনাকে  
শুধুমাত্র আপনার নাম, জন্মের  
এবং জন্ম তারিখ জানাতে হবে।
- বিভিন্ন হাসপাতালে স্বাস্থ্যসেবার  
খরচ ভিন্ন হতে পারে।
- কিছু হাসপাতালে আপনাকে  
আগেই বিল দিয়ে দেওয়া হবে,  
আবার কিছু হাসপাতালে  
আপনাকে সেবা প্রদানের পরে  
বিল দেওয়া হবে। সম্ভব হলে  
হাসপাতালের বিজনেস  
অফিসের সাথে কথা বলে  
ওএইচআইপি হারে বিল  
দেওয়ার এবং একটি পরিশোধ  
পরিকল্পনার ব্যবস্থা করতে  
পারেন।
- জরুরি পরিস্থিতিতে কোনও  
হাসপাতাল আপনাকে সেবা  
দিতে অস্বীকার করতে পারে না,  
এমনকি আপনার কাছে যদি  
হেলথ কার্ড না থাকে, তবুও।

### আন্তর্জাতিক শিক্ষার্থীদের সহায়তাকারী কিছু সংস্থা

- মাইগ্রেন্ট স্টুডেন্টস ইউনাইটেড (কল বা টেক্সট করতে পারেন) : **647-858-2854**
- ওয়ান ভয়েস কানাডা : [help@onevoicecanada.org](http://help@onevoicecanada.org)